

এমবিবিএস ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ৪৯,৮১৩ জন



নিজস্ব প্রতিবেদক

১৬ অক্টোবর ২০১৯ ০০:০০ | আপডেট: ১৬ অক্টোবর ২০১৯ ০১:১১

সরকারি ও বেসরকারি মেডিক্যাল কলেজের এমবিবিএস ২০১৯-২০ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায় ৪৩ হাজার ৮১৩ জন উত্তীর্ণ হয়েছেন। গতকাল বিকালে মহাখালীর স্বাস্থ্য অধিদপ্তরের সভাকক্ষে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক ডা. আবুল কালাম আজাদ ফল ঘোষণা করেন।

চলতি বছর ৩৬ সরকারি মেডিক্যাল কলেজের ৪ হাজার ৬৮টি আসন ও ৭০টি বেসরকারি মেডিক্যাল কলেজের ৬ হাজার ৩৩৬টি আসনসহ মোট ১০ হাজার ৪০৪টি আসনের বিপরীতে পরীক্ষায় অংশ নিতে ৭১ হাজার ৮০১ শিক্ষার্থী আবেদন করেন। এর মধ্যে গত শুক্রবার সারাদেশের ১৯ কেন্দ্রের ৩২টি

ভেন্যুতে অনুষ্ঠিত পরীক্ষায় ৬৯ হাজার ৮১০ জন অংশ নেন।

১০০ নম্বরের নের্ব্যক্তিক প্রশ্নপত্রে ন্যূনতম ৪০ নম্বর পেয়ে পাস করেছেন ৪৯ হাজার ৪১৩ পরীক্ষার্থী। এর মধ্যে ছেলে ২২ হাজার ৮৮২ এবং মেয়ে ২৬ হাজার ৫৩১ জন। জাতীয় মেধাতালিকার ভিত্তিতে সর্বোচ্চ নম্বরধারীরা সরকারি ৩৬ মেডিক্যাল কলেজে ভর্তির সুযোগ পাবেন।

advertisement

এবারের পরীক্ষায় ১০০ নম্বরের মধ্যে সর্বোচ্চ নম্বর পেয়েছেন এক ছেলে শিক্ষার্থী, তার প্রাপ্ত নম্বর ৯০ দশমিক ৫। আর মেয়েদের মধ্যে সর্বোচ্চ নম্বর ৮৯। স্বাস্থ্য অধিদপ্তর জানায়, আগে ৮ পৃষ্ঠা থাকলেও এ বছর মাত্র ২ পৃষ্ঠার প্রশ্ন ও উত্তরপত্রে পরীক্ষা নেওয়া হয়। তবে প্রত্যেক শিক্ষার্থীর প্রশ্নপত্র ছিল ভিন্ন।